


# এসএসসির ফরম পূরণ শুরু ৩০ অক্টোবর

নিম্ন বার্তা পরিবেশক

: সোমবার, ১৬ অক্টোবর ২০২৩



২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের সময়সীমা প্রকাশ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। আগামী ৩০ অক্টোবর থেকে ৭ নভেম্বর পর্যন্ত অনলাইনে ফরম পূরণ কার্যক্রম চলবে। এ কারণে ২৬ অক্টোবরের মধ্যে নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের নির্দেশনা দেওয়া হয়েছে।

রোববার (১৫ অক্টোবর) ঢাকা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্টদের এ নির্দেশনা দেওয়া হয়।

## কোন গ্রন্তি কত ফি

এবছর বোর্ড ও কেন্দ্র ফিসহ বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের ফরম পূরণে ফি নির্ধারণ করা হয়েছে ২ হাজার ১৪০ টাকা। ব্যবসায় শিক্ষা বিভাগ ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের ফি নির্ধারণ করা হয়েছে ২ হাজার ২০ টাকা।

বিজ্ঞপ্তিতে বলা হয়, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৩ সালে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২৯ অক্টোবর পর্যন্ত প্রতিষ্ঠান প্রধান বরাবর আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের তথ্যসহ সন্তাব্য তালিকা বোর্ডের ওয়েবসাইটে ২৯ অক্টোবর প্রকাশ করা হবে।

তে আরও বলা হয়, সন্তাব্য তালিকা থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অনলাইন ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। এরপর পরীক্ষার্থী প্রতি নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিতে হবে।

৮ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত এই ফি প্রদান করা যাবে। বিলম্ব ফিসহ অনলাইন ফরম পূরণ করা যাবে ৯ থেকে ১৩ নভেম্বর। বিলম্ব ফি

**পরীক্ষার্থী প্রতি ১০০ টাকা নির্ধারণ করা হয়েছে।**